

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

০৯ ফাল্গুন ১৪২৯

বিআরপিডি সার্কুলার নং -০৪

তারিখ : -----

২২ ফেব্রুয়ারি ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

কোম্পানী (দ্বিতীয় সংশোধন) আইন, ২০২০ অনুযায়ী সীমিতদায় কোম্পানী সনাক্তকরণ প্রসঙ্গে।

কোম্পানী (দ্বিতীয় সংশোধন) আইন, ২০২০ এর মাধ্যমে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন)-এ 'সীমিতদায় কোম্পানী সনাক্তকরণ (Indication of Limited Company)' সংক্রান্ত ১১ক ধারা নতুন করে সন্নিবেশন করা হয়েছে। সন্নিবেশিত ধারার (ক) উপ-ধারাতে 'সীমিতদায় পাবলিক কোম্পানির ক্ষেত্রে উহার নামের শেষে "পাবলিক সীমিতদায় কোম্পানী" বা "PLC." শব্দসমূহ লিখিতে হইবে' মর্মে বিধান রাখা হয়েছে। উক্ত বিধান পরিপালনার্থে, ব্যাংক-কোম্পানীসমূহের নামের শেষে "পাবলিক সীমিতদায় কোম্পানী" বা "PLC." অন্তর্ভুক্ত করতে হলে ব্যাংক-কোম্পানীর নাম ও সংঘস্মারক পরিবর্তন করার প্রয়োজনীয়তা রয়েছে। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১১৬ ও ১১৭ ধারা অনুযায়ী ব্যাংক-কোম্পানীসমূহের যথাক্রমে নাম ও সংঘস্মারক পরিবর্তনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের অনাপত্তি গ্রহণের আবশ্যিকতা রয়েছে।

০২। কোম্পানী আইন, ১৯৯৪ এ সন্নিবেশিত ১১ক(ক) ধারার বিধান অনুসারে বাংলাদেশে নিবন্ধিত সীমিতদায় পাবলিক ব্যাংক-কোম্পানীর নামের শেষে "পাবলিক সীমিতদায় কোম্পানী" বা "PLC." অন্তর্ভুক্তকরণ এবং এ লক্ষ্যে ব্যাংক-কোম্পানীর নাম ও সংঘস্মারক পরিবর্তনের জন্য প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন করার নিমিত্তে এতদ্বারা সংশ্লিষ্ট ব্যাংক-কোম্পানীসমূহকে প্রাধিকার প্রদান করা হলো।

০৩। ব্যাংক-কোম্পানীসমূহের নামের শেষে "পাবলিক সীমিতদায় কোম্পানী" বা "PLC." অন্তর্ভুক্ত করার আনুষ্ঠানিকতা সম্পাদনের ক্ষেত্রে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর যথাক্রমে ১১৬ ও ১১৭ ধারার আওতায় ব্যাংক-কোম্পানীসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংক বরাবরে পৃথকভাবে আবেদন দাখিলের প্রয়োজন হবে না। তবে নাম পরিবর্তনের আনুষ্ঠানিকতা সম্পাদন করার পর বিষয়টি অবগতিসহ পরিবর্তিত নামের গেজেট প্রকাশের জন্য ব্যাংক-কোম্পানীসমূহকে এ বিভাগে আবেদন দাখিল করতে হবে।

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর যথাক্রমে ১১৬ ও ১১৭ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)

পরিচালক (বিআরপিডি)

ফোন : ৯৫৩০০৯৫